


# যুগান্তর

## বেগমগঞ্জ শিক্ষকের বেত্রাঘাতে ছাত্র হাসপাতালে

প্রকাশ : ১১ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট, নোয়াখালী

বেগমগঞ্জ উপজেলায় মীর কাশিমপুর উচ্চ বিদ্যালয়ে শিক্ষকরা ৬ষ্ঠ শ্রেণীর এক শিক্ষার্থীকে পাঠদানকালে দুই শিক্ষক বেত্রাঘাতে আহত করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে। অসুস্থতায় দুই দিন বিদ্যালয়ে অনুপস্থিত থাকার জেরে বৃহস্পতিবার ইংরেজি শিক্ষক দুলাল মিয়া ও ধর্মীয় শিক্ষক মনির হোসেন শ্রেণীকক্ষে পাঠদানকালে ছাত্র শান্তকে (১২) দফায় দফায় বেত্রাঘাতে আহত করেছেন। আহত ছাত্র গত ৩ দিন ধরে বেগমগঞ্জ চৌমুহনী বাণিজ্য কেন্দ্রের ক্লিনিকে চিকিৎসাধীন রয়েছে। অভিভাবকরা জানান, হাইকোর্টের নির্দেশ উপেক্ষা করে শিক্ষকরা বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণীর শিক্ষার্থী শান্ত শারীরিক অসুস্থতার কারণে মঙ্গল ও বুধবার অনুপস্থিত থাকায় বেত্রাঘাত করে আহত করেছেন। শরীর সুস্থ হওয়ায় বৃহস্পতিবার শিক্ষার্থী শান্ত শ্রেণীকক্ষে যায়। ইংরেজি শিক্ষক দুলাল মিয়া ও ধর্মীয় শিক্ষক মনির হোসেন পাঠদানকালে শিক্ষার্থীকে ওই ঘটনায় বেত্রাঘাত করেছেন। এ ব্যাপারে স্বজনরা উপজেলা নির্বাহী কর্মকর্তা ও শিক্ষা কর্মকর্তার কাছে অভিযোগ করেছেন। অবস্থা বেগতিক দেখে ওই দুই শিক্ষক ও বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্যরা শুক্রবার বিকালে দু’গ্রুপের মধ্যে সমঝোতার বৈঠক বসালেও তা ব্যর্থ হয়।

বেগমগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. আলী আশরাফ খান ঘটনা নিশ্চিত করে যুগান্তরকে জানান, ওই দুই শিক্ষক শিক্ষার্থীকে শ্রেণীকক্ষে বেত্রাঘাত করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।